

২০১৯

বাংলা

(সাম্মানিক)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) বাংলা ভাষার বিভিন্ন স্তরের কালসীমা নির্দেশ করে
আদি-মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য
সমূহ আলোচনা কর । ৫ + ৫ + ৫

(খ) সাধু ও চলিত ভাষার সংজ্ঞাসহ বৈশিষ্ট্য লেখো । সাধু ও
চলিত ভাষার পার্থক্য লেখো । ৭ + ৮

(Turn Over)

(গ) বাংলা ভাষার শব্দ ভাণ্ডারের পরিচয় দাও । ১৫

(ঘ) ঝাড়খন্ডী উপভাষার প্রচলন-ক্ষেত্র উল্লেখ করে এর ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো ।
২ + ১ + ৬ + ৬

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২

(ক) বাংলা ব্যাকরণ চর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো । ৫

(খ) রাঢ়ী ও বঙ্গালী উপভাষার তুলনামূলক আলোচনা করো । ৫

(গ) টীকা লেখো :

ভূয়াশব্দ বা ভুঁইফোড় শব্দ (Ghost-Word), মুণ্ডমাল শব্দ ।

$$২ \frac{১}{২} + ২ \frac{১}{২}$$

অথবা

খণ্ডিত শব্দ, অপভাষা ।

(ঘ) শব্দের অর্থ-সংক্রম ও অর্থ-সংকোচন কাকে বলে দৃষ্টান্তসহ লেখো । ৫

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ২

(ক) টীকা লেখো : ওড, কমেডি । ৫ + ৫

- (খ) মহাকাব্যের বৈশিষ্ট্য ও শ্রেণিগুলি সম্পর্কে আলোচনা
করো । ১০
- (গ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ পর্যালোচনা
করো । ১০
- (ঘ) আব্দুসার্দ নাটকের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যাসহ লেখো । ১০

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞা, বৈশিষ্ট্য, উদাহরণসহ ব্যাখ্যা
করো । ২ + ৬ + ২

(খ) টীকা লেখো : ৫ + ৫
গদ্যছন্দ, শ্বাসাঘাত ।

৫। যে কোনো একটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করো : ৫ × ১

(ক) বলো কী হে, বলরাম
কচু কেন এত দাম
ট্যাডস এমন কেন মাগ্গি !
জানেন না, গঙ্গায়
জাহাজ আসে না হয় !
পাচ্ছেন এই ঢের ভাগি !

- (খ) সকল লোকের মাঝে বসে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা ?
আমার চোখেই শুধু ধাঁধা ?
আমার চোখেই শুধু বাধা ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) অনুপ্রাস অলংকার কাকে বলে ? বিভিন্ন প্রকার অনুপ্রাস
অলংকারের পরিচয় দাও । ১০

(খ) টীকা লেখো :
শ্লেষ, অতিশয়োক্তি । ৫ + ৫

৭। যে কোনো একটি অলংকার নির্ণয় করো : ৫ × ১

(ক) মাটিতে যাদের ঠেকে না চরণ
মাটির মালিক তাহারাই হন ।

(খ) সীতাহারা আমি যেন মনিহারা ফণী ।